অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/23/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটে 14 মিলিয়নেরও বেশি COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে বলে ঘোষণা করেছেন

নিউ ইয়র্কবাসীদের 30% এখন সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত

184,119 ডোজ গত 24 ঘণ্টায় দেওয়া হয়েছে

গত সাত দিনে 1.2 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে

স্টেটের টিকা কর্মসূচি সম্পর্কে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হয়; ny.gov/vaccinetracker এ যান

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক রাজ্যে 14 মিলিয়নেরও বেশি COVID-19 টিকার ডোজ দেওয়া হয়েছে এবং 30 শতাংশ নিউ ইয়র্কবাসী এখন পুরোপুরি টিকা প্রাপ্ত। গত 24 ঘন্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 184,119টি ডোজ দেওয়া হয়েছে এবং গত সাত দিনে 1.2 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে।

"আমরা আমাদের স্বাস্থ্য পেশাদার এবং স্বেচ্ছাসেবকদের কঠোর পরিশ্রমের কারণে প্রতিদিন আমাদের টিকাকরণ প্রচেষ্টায় নতুন মাইলফলক স্পর্শ করছি, কিন্তু আমরা COVID এর বিরুদ্ধে যুদ্ধে জিততে পারব না যতক্ষণ না আমরা হার্ড ইমিউনিটিতে না পৌঁছাই," **গভর্নর কুওমো বলেন।** "আমরা প্রতিটি নিউ ইয়র্কাবাসীর উদ্দেশ্যে যোগ্যতা প্রসারিত করেছি এবং আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ, স্বল্প পরিষেবাপ্রাপ্ত জনসংখ্যার জন্য অ্যাক্সেস উন্নত করার জন্য আমাদের প্রচেষ্টা বাড়িয়েছি, কিন্তু কিছু নিউ ইয়র্কবাসী এখনও টিকা নেওয়ার বিষয়ে দ্বিধাবোধ করছেন। আমরা রাজ্য জুড়ে বিশ্বস্ত কমিউনিটি নেতাদের সাথে কাজ চালিয়ে যাব এই কথা ছড়িয়ে দেওয়ার জন্য যে টিকাটি নিরাপদ এবং কার্যকর কারণ যখন আমরা সবাই একটি সম্প্রদায় হিসাবে এক সাথে কাজ করব, তখন আমরা COVIDকে চিরতরে পরাজিত করতে সক্ষম হব।"

নিউ ইয়র্কবাসীরা স্টেটের পরিচালিত একটি গণ টিকাদান সাইটে 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটে গিয়ে অথবা 1-833-NYS-4-VAX নম্বরে কল করে একটি অ্যাপয়েন্টমেন্টের সময়সূচি নির্ধারণ করতে পারবে। মানুষজন অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে যেখানে টিকা উপলভ্য আছে সেখানে কল করতে পারেন, অথবা তাদের কাছাকাছি টিকা

অ্যাপয়েন্টমেন্টের তথ্য খুঁজতে vaccinefinder.org যেতে পারেন। নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকার সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

রাজ্যব্যাপী তালিকা

প্রদান করা মোট ডোজগুলি - 14,124,641
গত 24 ঘন্টায় প্রদান করা মোট ডোজ - 184,119
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 1,248,961
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 43.4%
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকার সিরিজ পেয়েছেন - 30.2%

	অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি		**সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ**	
অঞ্চল	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**
Capital Region	507,068	4,454	366,261	6,884
Central New York	426,428	2,602	325,570	4,558
Finger Lakes	526,860	4,110	386,991	9,836
Long Island	1,071,674	11,957	711,025	15,222
Mid-Hudson	917,558	10,905	611,224	15,377
Mohawk Valley	209,443	1,310	160,368	2,038
New York City	3,954,853	35,749	2,689,341	40,882
North Country	199,674	851	165,858	1,577
Southern Tier	276,019	1,478	206,802	2,960
Western New York	569,466	6,364	407,264	6,219
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	8,659,043	79,780	6,030,704	105,553

	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজ সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমসঞ্চিত
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20	163,650	0	163,650	163,650
সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3 ডোজ আসছে 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 – 01/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07	321,850	220,720	542,570	3,343,625
সপ্তাহ 9 ডোজ আসছে 02/8 – 02/14	320,000	244,500	564,500	3,908,125
সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 – 2/28	393,530	305,780	699,310	5,229,950

সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 – 03/07	1,020,660	290,500	1,311,160	6,541,110
সপ্তাহ 13 এর ডোজ আসছে 03/08 – 03/14	618,880	526,415	1,145,295	7,686,405
সপ্তাহ 14 এর ডোজ আসছে 03/15 – 03/21	699,790	584,775	1,284,565	8,970,970
সপ্তাহ 15 এর ডোজ আসছে 03/22 – 03/28	828,000	737,080	1,565,080	10,536,050
সপ্তাহ 16 এর ডোজ আসছে 03/29 – 04/04	819,800	569,905	1,389,705	11,925,755
সপ্তাহ 17 এর ডোজ আসছে 04/05 – 04/12	1,068,455	658,770	1,727,225	13,652,980
সপ্তাহ 18 এর ডোজ আসছে 04/12 – 04/18	763,825	774,825	1,538,650	15,191,630

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদানের জন্য উপলব্ধ। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করার জন্য টিকা প্রদানের ফ্যাসিলিটি প্রয়োজন; স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। স্টেট পুরোপুরি যোগ্য জনগণকে টিকা দেওয়ার জন্য কাজ করে বলে নিউ ইয়র্ককারীদের সুবিধা নেওয়া হচ্ছে না তা নিশ্চিত করার জন্য হটলাইনের কর্মীরা উপযুক্ত তদন্তকারী এজেন্সিগুলিতে অভিযোগের দিকে নজর রাখবেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন